

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২১.২৩৭—সাবেক মন্ত্রিপরিষদ সচিব কাজী সামসুল আলম গত ০১ অক্টোবর ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

২। কাজী সামসুল আলম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ আশ্বিন ১৪২৮/০৪ অক্টোবর ২০২১ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৪৯১১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৯ আশ্বিন ১৪২৮

ঢাকা: -----

০৪ অক্টোবর ২০২১

সাবেক মন্ত্রিপরিষদ সচিব কাজী সামসুল আলম গত ০১ অক্টোবর ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

কাজী সামসুল আলম ১৯৪২ সালে খুলনা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সেন্ট জোসেফস উচ্চ বিদ্যালয়, খুলনা হতে ম্যাট্রিকুলেশন এবং সরকারি ব্রজলাল কলেজ, খুলনা হতে ইন্টারমিডিয়েট পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি এবং ব্রিটেনের সাসেক্স বিশ্ববিদ্যালয় হতে ডেভেলপমেন্ট ইকনোমিক্স-এ এমফিল ডিগ্রি অর্জন করেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী কাজী সামসুল আলম ১৯৬৪ সালে তদানীন্তন সিভিল সার্ভিস অব পাকিস্তান-এ যোগদান করেন। তিনি সহকারী কমিশনার হিসাবে সিলেট জেলায় কর্মজীবন শুরু করেন এবং মহকুমা ও জেলা পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিষ্ঠার সঙ্গে কাজ করেন। সিলেট জেলার জেলা প্রশাসক হিসাবেও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন কাজী সামসুল আলম। এছাড়া, তিনি বিভিন্ন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে প্রথমবারের মতো সরকার গঠন করলে কাজী সামসুল আলম ১৯৯৮ সাল হতে ২০০১ সাল পর্যন্ত দ্বাদশতম মন্ত্রিপরিষদ সচিব হিসাবে অত্যন্ত বিচক্ষণতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেন, বিশেষ করে ১৯৯৮ সালে দেশব্যাপী ভয়াবহ বন্যার সময় তিনি বন্যা মোকাবেলা এবং বন্যা-পরবর্তী পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ২০০১ সালের ৩০ জুন তারিখে তিনি সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

ব্যক্তিজীবনে কাজী সামসুল আলম ছিলেন জনদরদী, অমায়িক, বন্ধুবৎসল, সহমর্মী ও সমাজ সচেতন একজন দেশপ্রেমিক। কাজী সামসুল আলমের মৃত্যুতে দেশ একজন দক্ষ, প্রাজ্ঞ, বিচক্ষণ ও নিবেদিতপ্রাণ সেবককে হারাল।

মন্ত্রিসভা কাজী সামসুল আলম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে মরহমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।